

যুগ্মান্তর্য

শাবিতে ছাত্রলীগের দুই গ্রন্থের সংঘর্ষে প্রক্টরসহ আহত ১৫

প্রকাশ : ১১ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রন্থে সংঘর্ষে ভারপ্রাণ প্রক্টরসহ আহত হয়েছেন অন্তত ১৫ জন।
রোববার বিকালে বিশ্ববিদ্যালয়ের ফুডকোর্ট ও পরবর্তী সময়ে শাহপরান হলের সম্মুখে এ ঘটনা ঘটে। ছাত্রলীগের মধ্যকার সংঘর্ষ ঠেকাতে গেলে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাণ প্রক্টর জাহিদ হাসান, সহকারী প্রক্টর আবু হেনা পহিল, প্রভাষক মাহাথির মোহাম্মদ বাক্তী ছাত্রলীগ নেতাকর্মীদের ছোড়া ঢিলে আহত হন। সুত্র জানায়, রোববার বিকালে শাবি ছাত্রলীগের সিনিয়র নেতা মুশফিকুর রহমান জিয়া ও সাংস্কৃতিক সম্পাদক শাখাওয়াত হোসেনের অনুসারীদের মধ্যে এই সংঘর্ষ বাধে। সিনিয়র-জুনিয়র নিয়ে এ সংঘর্ষ হয়।
শাখাওয়াত হোসেনের অনুসারীরা চেতনা ৭১ ও ফুডকোর্টে মুশফিকুর রহমান জিয়ার অনুসারী সোহেল রানা ও সুমন বাক্তীকে মারধর করে। পরে বিষয়টি শাহপরান হলে সংঘর্ষে রূপ নেয়। এ সময় দুই গ্রন্থের সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকসহ অন্তত ১৫ জন আহত হন। এর মধ্যে মুশফিক গ্রন্থের পাঁচজন ও শাখাওয়াত গ্রন্থের সাতজন আহত হয়েছেন বলে দাবি করা হয়।
পরিস্থিতি মোকাবেলায় শাহপরান হলের সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। মুশফিকুর রহমান জিয়া বলেন, শাখাওয়াতের অনুসারীরা আমার অনুসারীদের মারধর করলে ঘটনাটি এতদূর গড়ায়। সাংস্কৃতিক সম্পাদক শাখাওয়াত হোসেন বলেন, তারা আমার অনুসারীদের মারধর করে।

এ বিষয়ে ভারপ্রাণ প্রক্টর জাহিদ হাসান বলেন, আমিসহ আরও দুই শিক্ষকের গায়ে আঘাত লেগেছে।

ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।